# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

আইন ডিভিশন
সিএমআরআরসি ডিপার্টমেন্ট
রেগুলেটরী সেকশন
www.sec.gov.bd

সূত্র নং- ৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০১৫৩.০৬.১১১ তারিখঃ ১৩ আগস্ট ২০২৬

## নির্দেশনা

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, পুঁজিবাজারের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫ এর বিধি ৯(ঘ) বাস্তবায়নের ক্ষেত্রে কতিপয় বিষয় স্পষ্টীকরণ করা প্রয়োজন;

অতএব, সেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর ধারা 20A-এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন নিম্নরূপ নির্দেশনা প্রদান করিল, যথাঃ

"বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫ এর বিধি ৯(ঘ)-এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো ব্যাংক কমিশন হইতে হেফাজতকারী (Custodian) হিসাবে নিবন্ধিত হইয়া কোনো মিউচ্যুয়াল ফান্ড স্কীমের হেফাজতকারী হিসাবে কার্যক্রম পরিচালনা করিলে, উক্ত ব্যাংকের পরিচালকদের পৃথক পৃথক সিআইবি রিপোর্ট বা সিআইবি আন্ডারটেকিং দাখিলের পরিবর্তে, সকল পরিচালকের পক্ষে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ইস্যুকৃত এই মর্মে একটি প্রত্যয়নপত্র দাখিল করা যাইবে যে, উক্ত ব্যাংকের কোনো পরিচালক বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদকৃত সিআইবি তথ্য অনুযায়ী ঋণখেলাপি নহেন।"

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

**মাসুদ খান**
চেয়ারম্যান।